Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: দূর নীলিমায়

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Sun, Mar 16, 2025 at 3:24 PM
To: ucaliptas909@gmail.com

দূর নীলিমায়
তাফিফ বিন জামিল

দূর নীলিমায়—
সূর্য গেছে হেলে;
আলো পড়েছে ঢলে;
গোধুলী শেষে পাখিরা ফিরছে বাসায়,
একা বসে আছি এক বিষন্ন সন্ধ্যায়।

আকাশে রঙিন মেঘের খেলা,
সমুদ্রের বুকে ঢেউ দিচ্ছে দোলা;
হঠাৎ যেনো শুনি—
পেছনে এক মৃদু পদধ্বনি।
চারিদিকে বইছে এলোমেলো পবন;
মনে জাগলো পুলক, জাগলো শিহরণ।

সে দাঁড়িয়ে আছে,
আমার খুব কাছে,
নরম তুলোর মতো কোমল তার বুক।
গোধূলির আভায় লজ্জায় রাঙা তার মুখ।

সে এলো ধীরে ধীরে—
আমার হৃদয়ের কম্পন গেলো বেড়ে।
চোখে তার ছিলো যেনো প্রশ্ন হাজার,
এক গাল মিষ্টি হেসে আবার—
সে বললো,"তোমার নামটা বলো না আমায়"
যেমন নক্ষত্র গল্প বলে তারায় তারায়।
নদী যেমন গেয়ে ওঠে বৃষ্টির গান।
অমাবস্যার সাথে চাঁদ করে অভিমান।
সে বললো আরো, "আমার দিকে একটু তাকাবে কি?
আমাকে দেখে লজ্জা পেয়েছো নাকি?
বসন্তের এই হিম শীতল সন্ধ্যায়—
তোমার হৃদয়ের কথা এখনো লুকিয়ে রাখবে নাকি?"

আমি ফিরলাম তার দিকে এবার,
বুকে নিয়ে কিঞ্চিৎ ভয়,
চোখে নিয়ে কিছুটা বিস্ময়—

আলতো করে তার হাত ধরে;
দেখি শিশির পড়ছে কাকডাকা ভোরে।
চারপাশে জোনাকি হাজার হাজার
আলোতে চারপাশ ভরে গেছে আমার।

এতো এক অদ্ভুত—
নয় সে কিম্ভুত;
এ তো সেই মায়াবী জগৎ!
এক ঝড়ো বাতাস গেলো বয়ে;
সেই সুকেশী–রুপসী গেলো হারিয়ে!
আমার ঘুম গেলো উড়ে—
নিস্তব্ধ কাকডাকা ভোরে;
শূন্যে দিলাম আমার হাত দুটি বাড়িয়ে;
কিন্তু একি!
এতোক্ষণ সব স্বপ্ন ছিলো নাকি!

রচনাকাল: ০২ চৈত্র ১৪৩১।